

সিমাগো র‍্যাংকিংয়ে অষ্টম কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুবি প্রতিনিধি

: বৃহস্পতিবার, ১৪ মার্চ ২০২৪

বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউশন্সের ওয়েবসাইটে প্রকাশিত ২০২৪ সালের র‍্যাংকিংয়ে গবেষণা, সামাজিক প্রভাব ও উদ্ভাবনে দেশের সেরা দশ বিশ্ববিদ্যালয়ের মধ্যে অষ্টম অবস্থানে আছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়।

বৃহস্পতিবার (১৪ মার্চ) সিমাগো ইনস্টিটিউশন্সের ওয়েবসাইটে প্রকাশিত ২০২৪ সালের র‍্যাংকিংয়ের প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়।

বিশ্বের বিভিন্ন দেশের ৯ হাজার ৫৪টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো ইনস্টিটিউশন্স র‍্যাংকিংয়ের ২০২৪ সালের সংস্করণে জায়গা পায় বিশ্ববিদ্যালয়টি। প্রতিবেদনে বাংলাদেশের ৪৩টি সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় জায়গা পেয়েছে। এর মধ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৮ তম। এছাড়াও এশিয়া অঞ্চলে ৬৪৫তম ও আন্তর্জাতিকভাবে ১৮১৩তম অবস্থানে আছে বিশ্ববিদ্যালয়টি।

গবেষণা, সামাজিক প্রভাব ও উদ্ভাবন- এ তিনটি সূচকের ফলাফল পর্যালোচনা করে এই র‍্যাংকিং প্রকাশ করা হয়েছে। প্রতিষ্ঠানটি তিনটি সূচকের ফলাফল অনুযায়ী আলাদা র‍্যাংকিং এবং এক সঙ্গে মিলিয়ে সার্বিক র‍্যাংকিং প্রকাশ করে থাকে। সার্বিক র‍্যাংকিং করার জন্য তারা গবেষণায় ৫০ শতাংশ, উদ্ভাবনে ৩০ শতাংশ এবং সামাজিক প্রভাবে ২০ শতাংশ পয়েন্ট দিয়ে থাকে। র‍্যাংকিং অনুযায়ী গবেষণা, সামাজিক প্রভাব ও উদ্ভাবন- এই তিন সূচকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের অবস্থান দেশে যথাক্রমে ৪৮তম, ৫৫তম ও ১৬তম। তাছাড়াও আন্তর্জাতিকভাবে এই সালের তিন সূচকে র‍্যাংকিং যথাক্রমে ৪৯১৪তম, ৯৮৫তম, ৪১৯০তম।